

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.৪২.০০০০.০০০.১১.০০৭.১৫(১).৭৬


তারিখ: ০২ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ কুড়িগ্রাম জেলা পরিষদে সাংগঠনিক কাঠামো বহির্ভূত পদে লোক নিয়োগের ছাড়পত্র প্রদান।

সূত্রঃ কুড়িগ্রাম জেলা পরিষদের স্মারক নং-৪৬.৪৭.৪৯০০.০০১.১১.০০১.১৫-৯৭৯, তারিখঃ ৫/১১/২০১৭।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, কুড়িগ্রাম জেলা পরিষদের মালিকানাধীন রাজারহাট ও রাজিবপুর ডাকবাংলো রক্ষণাবেক্ষণের জন্য সাংগঠনিক কাঠামো বহির্ভূত ২ (দুই) জন দারোয়ান-কাম-কেয়ারটেকার এবং কুড়িগ্রাম সদর, রৌমারী ও ভুরুঙ্গামারী ডাকবাংলো পরিষ্কার-পরিচ্ছন্নতার জন্য ৩ (তিন) জন পরিচ্ছন্নতা কর্মী পদে লোক নিয়োগের প্রস্তাবে নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলো :

- ১) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (দৈনিক মজুরী ভিত্তিতে) এ নিয়োগ করতে হবে;
- ২) এ নিয়োগের সাথে নিয়মিত নিয়োগের কোন সম্পর্ক থাকবে না এবং নিয়োজিত কর্মচারী নিয়মিত নিয়োগের জন্য দাবী করতে পারবেনা;
- ৩) জেলা পরিষদ প্রয়োজনে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল করতে পারবে;
- ৪) দৈনিক হাজিরা তথা প্রকৃত কর্ম সম্পাদনের ভিত্তিতে পারিশ্রমিক প্রদান করা হবে। কাজে অনুপস্থিত থাকলে কোন মজুরী দেয়া যাবে না;
- ৫) এই ছাড়পত্রের মেয়াদ পত্র জারীর তারিখ হতে ৬ মাস পর্যন্ত বলবৎ থাকবে।


22/02/18

(আনজুমান আরা)

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, কুড়িগ্রাম।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।